হরিনাকুন্ডুতে শিক্ষা প্রতিষ্ঠানের ভবন ও পাকা রাস্তার উদ্বোধন

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের তিন তলা ও দুর্লভপুর মাধ্যমিক বিদ্যালয়ের এক তলা ভবন নির্মাণ এবং পাকা রাস্তা উদ্বোধন করেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দীকি সমি।

এর আগে গতকাল শনিবার বিকেলে সদর উপজেলার আমতলা বাজারে জে.এইচ.এস অটিষ্টিক ও বুদ্ধি ও প্রতিবন্ধী বিদ্যালয় পরিদর্শন করেন তিনি।

এ উপলক্ষে মকিমপুর মাধ্যমিক বিদ্যালয় এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সে সময় মকিমপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন এমপি তাহজীব আলম সিদ্দীকি সমি।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে বাংলাদেশ আজ এগিয়ে যাচ্ছে। উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। আওয়ামী লীগের নেতাকর্মীদের সকল ভেদাভেদ ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে এক যোগে কাজ করে ঝিনাইদহের উন্নয়নের ধারা অব্যাহত রাখার আহবান জানান।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন হরিনাকুন্ডু উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন, আওয়ামী লীগ নেতা ফজলুর রহমান মালিতা, রশিদুল ইসলাম, আব্দুর রাজ্জাক লস্কার, রওশন আলী, যুব লীগ নেতা কামাল হোসেন, রোকনুজ্জামান রিপন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাস সহ অন্যান্যরা।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ২৫ জানুয়ারি শুরু হচ্ছে জাতীয় নজরুল সম্মেলন

ঝিনাইদহে আগামী ২৫ জানুয়ারি শুরু হচ্ছে ৩ দিন ব্যাপী জাতীয় নজরুল সম্মেলন। গতকাল সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এ তথ্য জানান।

‘নজরুলের অপ্রচলিত গানের সুর সংগ্রহ, স্বরলিপি প্রণয়ন, সংরক্ষন, প্রচার এবং নবীন প্রজন্মকে উদ্বুদ্ধকরন শীর্ষক প্রকল্পের আওতায় এ সম্মেলন অনুষ্ঠিত হবে। ২৫ জানুয়ারি সকালে র্যালী ও আলোচনার মাধ্যমে সম্মেলনের উদ্বোধন করবেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

৩ দিন ব্যাপী এ সম্মেলনে আলোচনা সভা, সংগীত পরিবেশনসহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে বলেও জানান তিনি।

সংবাদ সম্মেলনে জেলা প্রশাসক ছাড়াও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রবিউল ইসলাম ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানসহ সাংস্কৃতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তির ঘটনায় স্কুল শিক্ষক আটক

ঝিনাইদহের শৈলকুপায় ইসলাম ধর্ম নিয়ে ফেসবুকে কটুক্তিমূলক পোষ্ট করার ঘটনায় পিন্টু কুমার মজুমদার নামের এক স্কুল শিক্ষককে আটক করেছে পুলিশ।

সে উপজেলার রঘুনন্দনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কুমিড়াদহ গ্রামের চন্ডি প্রশাদ মজুমদারের ছেলে।
জানা যায়, গত বুধবার সকালে নিজের ফেসবুকে ইসলাম ধর্ম ও মুসলিম সম্প্রদায় নিয়ে ধর্মীয় উষ্কানীমূলক স্টাটাস দেয় পিন্টু কুমার মজুমদার।

পরে বিষয়টি জানাজানি হবার পর রাতে উত্তেজনার সৃষ্টি হয়। স্থানীয়রা ওই বাড়িটিতে হামলা চালায়। তারা বিক্ষোভ প্রদর্শন করে।

শৈলকুপা সার্কেলের সহকারী পুলিশ সুপার আরিফুল ইসলাম জানান, বিষয়টি জানার পর কুমিড়াদহ গ্রাম থেকে ওই শিক্ষক পিন্টু কুমার মজুমদারকে আটক করা হয়েছে।

অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তিনি আরো জানান, বর্তমানে ওই এলাকায় পুলিশ, সরকার দলীয় নেতাকর্মী, ছাত্রলীগ ও স্থানীয় গন্যমান্য বক্তিবর্গ উপস্থিত রয়েছে। এখন পরিস্থিতি শান্ত রয়েছে।

এ ঘটনায় আটককৃতের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়েছে। রাতেই ঘটনাস্থল পরিদর্শন করেছেন পুলিশ সুপার হাসানুজ্জামান।

মেপ্র/ইএম

হরিনাকুন্ডুর ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে নবীনবরণ ও বিদায় অনুষ্ঠিত

হরিনাকুন্ডু উপজেলার কাপাশহাটিয়া ইউনিয়নের ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের ২০২০ সালের এস.এস.সি শিক্ষার্থীদের বিদায় ও নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের স্কুল মাঠের

উন্মুক্ত মঞ্চে এ বিদায় ও বরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্কুলের সভাপতি মহিউদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিনাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হুসাইন। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক কাজী ইউনুস আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ৫নং কাপাশহাটিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরাফতদৌলা ঝন্টু, ৬নং ফলসী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফজলুর রহমান, আব্দুর রউফ ডিগ্রী কলেজের প্রভাষক শাহানুর আলম, সহকারী শিক্ষক আশরাফ আলী প্রমুখ।

পবিত্র কোরআন তেলোয়াত ও গীতাপাঠের মাধ্য দিয়ে অনুষ্ঠান শুরু করে। বিদায়ী ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন প্রধান অতিথি, বিশেষ অতিথিবৃন্দ ও অত্র স্কুলের সহকারী শিক্ষক শিক্ষিকা বৃন্দ।

অনুষ্ঠান পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক বিধান চন্দ্র বিশ্বাস। আলোচনা শেষে প্রধান অতিথি বিদায়ী শিক্ষার্থীদের মাঝে উপহার সামগ্রী তুলে দেন।

মেপ্র/ আরপি

কালীগঞ্জে প্রতিবন্ধি ধর্ষনের দায়ে যুবক গ্রেফতার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার জলকার মাজদিয়া গ্রামে বুধবার দুপুরে ২৪ বছরের স্বামী পরিত্যক্তা এক প্রতিবন্ধি নারী ধর্ষিত হয়েছে।

এ ঘটনায় ধর্ষক আলামিনকে গ্রেফতার করেছে পুলিশ। আলামিন একই গ্রামের তরকারী বিক্রেতা নরুন্নবীর ছেলে।

সুবর্নাসরা পুলিশ ক্যাম্পের তদন্ত কর্মকর্তা এএসআই সাকিল খান জানান, মঙ্গলবার দুপুরে ওই স্বামী পরিত্যক্তা মাঠে ছাগল চরাতে

যায়। এ সময় আলামিনও মাঠে ছিল। মাঠে একা পেয়ে তাকে ধর্ষন করে পালিয়ে যায় ধর্ষক দুই সন্তানের জনক আলামিন।

খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে কালীগঞ্জ উপজেলার সোনালীডাঙ্গা গ্রাম থেকে মঙ্গলবার রাত ৮টার দিকে ধর্ষক আলামিনকে গ্রেফতার করে।

পুলিশ আরো জানায়, ধর্ষিত ওই নারীর বিয়ের পর সন্তান প্রসব করতে গিয়ে অঙ্গহানী ঘটে। এরপর তার স্বামী তালাক দেয়।

এ ব্যাপারে কালীগঞ্জ থানায় মামলার প্রস্তুতি চলছিল বলে এ.এস.আই সাকিল খান জানান।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে সাদা এলইডি লাইট বন্ধে ট্রাফিক পুলিশের অভিযান

ঝিনাইদহে ও শৈলকুপায় ইজিবাইক ও মোটরসাইকেলে সাদা এলইডি লাইট ব্যবহার বন্ধে বিশেষ অভিযান চালিয়েছে ট্রাফিক পুলিশ।এসময় তিন শতাধিক ইজিবাইক ও মোটরসাইকেল থেকে এলইডি লাইট খুলে নেওয়া হয়।

মঙ্গলবার দিবাগত রাতে এ অভিযানে নেতৃত্ব দেন ট্রাফিক ইন্সপেক্টর সালাহ উদ্দিন, গৌরাঙ্গপালসহ অন্যান্য ট্রাফিক পুলিশের কর্মকর্তারা।

ট্রাফিক সার্জেন্ট কনক হালদার জানান, রাতে শহরের বিভিন্ন সড়কে ইজিবাইকে এলইডি লাইট লাগিয়ে চলাচল করে। এতে সাধারণ মানুষ ও পথচারীরা লাইটের আলোর কারণে দুর্ঘটনায় পড়ে। আইনগত নিষিদ্ধ এই এলইডি লাইট বন্ধে পুলিশ অভিযান পরিচালনা করেছে। শহর থেকে প্রায় দুই শতাধিক ইজিবাইজ ও মোটরসাইকেল থেকে লাইট অপসারণ করা হয়েছে। তিনি জানান, এ অভিযান অব্যাহত থাকবে।

অপর একটি অভিযানে বুধবার দুপুরে জেলার শৈলকুপা উপজেলায় এ অভিযান পরিচালনা করেন ঝিনাইদহের ট্রাফিক ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান।

শৈলকুপা পৌর এলাকার কবিরপুরসহ গুরুত্বপূর্ণ মোড় ও প্রধান প্রধান সড়কে দিনব্যাপী এ অভিযান পরিচালিত হয়।

ঝিনাইদহের ট্রাফিক ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান জানান, জেলা পুলিশ সুপার হাসানুজ্জামানের নির্দেশনা মোতাবেক জেলাব্যাপী এ অভিযান চলমান রয়েছে।

অভিযানে অংশ নেন ট্রাফিক ইন্সপেক্টর মাজহারুল ইসলাম, টিআই নুরুল ইসলাম, ইমরান হোসেন, সাদ্দাম হোসেন ও শৈলকুপা থানার পুলিশের এসআই হারুন অর রশিদ চৌধুরী।

মেপ্র/ আরপি

কোটচাঁদপুর পৌর মেয়রের বিরুদ্ধে ঝাড়ু মিছিল, কুশপুত্তলিকা দাহ

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর মেয়র জাহিদুল ইসলাম জাহিদের বিরুদ্ধে পৌর আওয়ামী লীগের যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম ও তার ছোট ভাইয়ের বিরুদ্ধে অসত্য, বিদ্বেষপূর্ণ, বানোয়াট ও মিথ্যা প্রতিবেদন ছাপানোর প্রতিবাদে ঝাড়ু মিছিল ও কুশপুত্তলিকা দাহ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে পৌর আওয়ামী লীগের আয়োজনে স্থানীয় শহরে এই ঝাড়ু মিছিল ও মেয়রের কুশপুত্তলিকা দাহ করা।
মিছিলে দলীয় নেতা-কর্মীসহ নানা শ্রেণী-পেশার মহিলারা ঝাড়ু হাতে মিছিলে অংশ নেন। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়।

পরে শহরের পায়রা চত্তরে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। পৌর আওয়ামী লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডলের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমান,

পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল-আমিন হোসেন, কলেজ ছাত্রলীগের সভাপতি সজীব শেখ, পৌর সেচ্ছাসেবক লীগের যুগ্ন-আহ্বায়ক আরিফ শেখ, পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি মামুন, সাবেক ছাত্র নেতা প্রদীপ কুমার বিশ্বাস, জেলা শ্রমিক লীগ নেতা আজাদ হোসেন, ছাত্রলীগ নেতা রাহুল প্রমুখ।

সমাবেশে বক্তারা বলেন, গত ১২ জানুয়ারী আদালতের নির্দেশে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মেয়র সহ ৪ জনের বিরুদ্ধে থানায় ধর্ষণ মামলা রেকর্ড হয়। ১৫ জানুয়ারী কোটচাঁদপুর জেলা পরিষদ অডিটরিয়ামে ভুক্তভোগী ওই নারী মেয়রের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেন।

নারী ধর্ষণের অভিযোগে কোটচাঁদপুর মামলা দায়েরের পর স্থানীয় একটি দৈনিকে মেয়র কর্তৃক পৌর আওয়ামী লীগের যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম ও তার ছোট ভাই আক্তারুজ্জামান শাহিনকে দোষারোপ করে স্থানীয় একটি দৈনিকে প্রতিবেদন প্রকাশ করায় তীব্র ক্ষোভ ও নিন্দা জানান।

সভা শেষে সন্ধায় মেয়র জাহিদের কুশপুত্তলিকা দাহ করা হয়।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ইলেক্ট্রনিক্স মিস্ত্রির মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার বিষয়খালী এলাকার কড়ইতলা নামক স্থানে বিদ্যুৎস্পৃষ্টে মহিবুল ইসলাম (২২) নামের এক ইলেক্ট্রনিক্স মিস্ত্রির মৃত্যু হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে এ দুর্ঘটনা ঘটে। মহিবুল ইসলাম সদর উপজেলার বিষয়খালী পশ্চিমপাড়া গ্রামের তোতা মিয়ার ছেলে।

স্থানীয় বাবুল হোসেন নামের একজন জানান, মহিবুল ইসলাম কড়ইতলা এলাকায় বিদ্যুৎ লাইনের কাজ করছিল। হটাৎ বিদুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঝিনাইদহ সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক মুসলিমা খাতুন বিষয়টি নিশ্চিত করেছেন।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে এলইডি সার্চ লাইট ও হাইড্রোলিক হর্নের বিরুদ্ধে অভিযান

ঝিনাইদহ যশোর মহাসড়কে চুটলিয়া নামক স্থানে চলাচলকারী বাস-ট্রাক, ইজি বাইক সহ বিভিন্ন যানবাহনে এলইডি লাইট, সার্চ লাইট ও হাইড্রোলিক হর্ন বন্ধে ট্রাফিক পুলিশের অভিযান পরিচালতি হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত এ অভিযান পরিচালিত হয়।

এসময় ট্রাফিন ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান, গৌরাঙ্গ পাল, মাজহারুল ইসলাম, সার্জেন্ট সুজনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর গৌরাঙ্গ পাল জানান, বাস-ট্রাকে হাইড্রোলিক হর্ন ব্যবহার নিষিদ্ধ। পাশাপাশি ইজিবাইকে এলইডি লাইট ও ট্রাকে সার্চ লাইট ব্যবহারের ফলে বড় দুর্ঘটনা ঘটতে পারে।

তাই পুলিশ সুপারের নির্দেশে এ অভিযানের মাধ্যমে শতাধীক বাস-ট্রাক থেকে হাইড্রোলিক হর্ন এবং সার্চ লাইট খুলে নেওয়া হয়।

পাশাপাশি ইজি বাইক থেকে খুলে নেওয়া হয় সাদা এলইডি লাইট। অপর ট্রাফিক ইন্সপেক্টর কাজী হাসানুজ্জামান জানান, আমাদের এ অভিযান অব্যাহত থাকবে।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ২ দিন ব্যাপী বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড শুরু

‘মেধাই সম্পদ, বিজ্ঞান ও প্রযুক্তিই ভবিষ্যৎ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে শুরু হয়েছে ২ দিন ব্যাপী বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড। গতকাল মঙ্গলবার সকালে এ মেলার উদ্বোধন করা হয়।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের সহযোগিতায় শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে এ মেলার আয়োজন করে সদর উপজেলা প্রশাসন।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এম এম আরিফ সরকার, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জয়া রানী চন্দ, ওয়াজির আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ হাবিবুর রহমান। আলোচনা সভা শেষে অতিথিবৃন্দ মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

২ দিন ব্যাপী এ মেলায় সদর উপজেলার মাধ্যমিক পর্যায়ের ৪০ টি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রদর্শণ করেছে। এসব স্টলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আবিষ্কৃত বিভিন্ন প্রকল্প স্থান পেয়েছে। বুধবার বিকেলে সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে এই মেলা শেষ হবে।

মেলায় আগত শিক্ষার্থীরা বলেন, বিজ্ঞান মেলা উপলক্ষে আমরা বিভিন্ন ছোট ছোট প্রয়োজনীয় প্রকল্প ও প্রকল্পের মডেল নিয়ে এখানে এসেছি। নিজেদের মডেলের পাশাপাশি অন্য শিক্ষার্থীদের মডেল দেখে আমরা অনুপ্রাণিত হচ্ছি।

□□□□□/ □□□□